দৈনিক ইত্তেফাক

21

তারিখ ২০.৯.৯১
পৃষ্ঠা ৩ কলাম ৪

# আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত

( ইত্তেফাক রিপোর্ট )

গত রবিবার আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন উপলক্ষে বিভিন্ন সামাজিক এবং সাংস্কৃতিক সংগঠন রাজধানীতে পৃথক কর্ম-

( ৪র্থ পৃ: দ্র: )

## আন্তর্জাতিক সাক্ষরতা

( ৩য় পৃ: পর )

সূচীর আয়োজন করে।

শিক্ষা মন্ত্রণালয়ের গণশিক্ষা কার্যক্রম ও বাংলাদেশ ইউনেসকো জাতীয় কমিশনের যৌথ উদ্যোগে জাতীয় জাদুঘর মিলনায়তনে এক আলোচনা সভার আয়োজন করা হয়। শিক্ষা সচিব আ, ন, ম ইউ-সুফের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় সরকারী কর্ম কমিশনের (পি, এস, সি) সাবেক চেয়ারম্যান আল হোসাইনী এবং সাবেক ভিপি আই ফেরদৌস খান বক্তৃতা করেন। শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব নূর উদ্দিন মাহমুদ কামাল সভায় মূল প্রবন্ধ পাঠ করেন। সভায় বলা হয়, শিক্ষা মানুষের মৌলিক অধিকার হইলেও এখনও সক-লের জন্য তাহা নিশ্চিত করা যায় নাই। দুই হাজার সাল নাগাদ সবার জন্য শিক্ষা কর্মসূচী বাস্ত-বায়ন করার লক্ষ্যে শিক্ষা ব্যব-স্থাকে আরও জোরদার করার আহ্বান জানান হয়।

ঢাকা সেন্ট্রাল লায়ন্স ক্লাব ও ঢাকাস্থ জাতিসংঘ তথ্য কেন্দ্রের যৌথ উদ্যোগে জাতিসংঘ তথ্য কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত এক আলোচনাসভায় শিক্ষা সচিব আ, ন,ম ইউসুফ, ইউনিসেফ প্রতিনিধি কোল পি ডজ, লায়ন্স জেলা-৩১৫ বি'এর গভর্ণর ইঞ্জিনিয়ার এম শাজাহান খাদেম প্রমুখ বক্তৃতা করেন।

সাক্ষরতা দিবস পালন উপ-লক্ষে শিবপুর উপজেলা যুব কল্যাণ সংস্থা, দি ইন্সটিটিউট অব রুরাল জার্নালিষ্ট, ইউথ কন-সোর্টিয়াম পৃথকভাবে আলোচনা সভার আয়োজন করে।

চট্টগ্রাম অফিস জানায়, আন্ত-র্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে ইসলামিক ফাউণ্ডেশন চট্টগ্রাম কেন্দ্র ও বাংলাদেশ বয়স্ক শিক্ষা সংসদের উদ্যোগে গত রবিবার 'নিরক্ষরতা জাতির জন্য অভিশাপ' শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন আবুল হায়াত মো: তারেক। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন অধ্যক্ষ এ,এ, রেজাউল করিম চৌধুরী, সিরাজুল ইসলাম চৌধুরী, মঈনুদ্দীন কাদেরী শওকত, সৈয়দ মোস্তফা জামাল ও আ, ফ, ম, খালিদ হোসেন প্রমুখ। সভায় বক্তারা বলেন, গণ শিক্ষা ছাড়া গণতন্ত্র টিকিয়া থাকিতে পারে না।